Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 22 June, 2025

মাছ রক্ষায় পুকুরের চারপাশের বেড়ায় বিদ্যুৎ সংযোগ করে রেখেছিল পুকুরের মালিক।সেই তারে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে চুয়াডাঙ্গার সদর উপজেলার ঝাঁঝরি গ্রামের মাঝেরপাড়ার সাহেব আলীর ছেলে চান মিয়া (৩০) নামের এক কৃষক মারা গেছেন।

রবিবার (২২ জুন) সকালে ঝাঁঝরি গ্রামে এ ঘটনাটি ঘটে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ মুহম্মদ শহীদ তিতুমীর জানান, একই এলাকার রজব আলীর ছেলে আব্বাস আলী ঝাঁঝরি গ্রামে কেরু এ্যান্ড কোম্পানীর একটি পুকুর লিজ নিয়ে মাছ চাষ করছে।মাছ চুরি ও প্রাণীতে মাছ খেতে না পারে সেজন্য আব্বাস পুকুরের চারপাশ জিআই তারের সাথে বিদ্যুৎ সংযোগ দিয়ে রাখে।এদিন সকালে কৃষক চান মিয়া পুকুরের পাশ দিয়ে কৃষিকাজে যাওয়ার সময় অসাবধানতাবশত জিআই তারে হাত দিলে ঘটনাস্থলেই বিদ্যুৎস্পৃষ্ট হয়ে তিনি মারা যান।আইনগত প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে বলে তিনি জানান।

বিদ্যুৎস্পৃষ্ট মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:19

URL: https://timestodaybd.com/public/across-the-country/3541940763